NEW YORK STATE OF OPPORTUNITY. Office of Temporary and Disability Assistance

সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP)

SNAP কী?

সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি, বা SNAP, উপযুক্তনিম্ন-আয়ের পরিবার এবং ব্যক্তির সুস্বাস্থ্য রক্ষায় তাদের প্রয়োজনীয় খাদ্য ক্রয় করতে সহায়তা করে। অনুমোদিত খুচরা বিক্রেতা থেকে খাদ্য ক্রয় করতে SNAP ব্যবহার করা যেতে পারে। ডেবিট কার্ডের মতো একটি ইলেকট্রনিক বেনিফিট কার্ড ব্যবহার করে সুবিধাগুলি উপভোগ করা হয়। উপযুক্ততার শর্তাবলী এবং সুবিধার স্তরগুলি ফেডারেল আইন ও প্রবিধান ভিত্তিক।

উপযুক্ততা কিভাবে নির্ধারিত হয়?

আয়ের স্তর, আয়ের ধরন (উপার্জিত বা অনুপার্জিত), পরিবারের আকার, বয়স, প্রতিবন্ধকতার জন্য প্রাপ্ত সুবিধা, বাসস্থান এবং ইউটিলিটি ব্যয়, পরিবারের নির্দিষ্ট সদস্যদের জন্য চিকিৎসা খরচ, এবং অন্যান্য বিষয়গুলিসহ বেশ কিছু বিষয় একটি পরিবারের SNAP সুবিধাগুলি পাওয়ার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে।

আবেদনকারীকে অবশ্যই পারিবারিক পরিস্থিতির নথি প্রদান করতে হবে এবং পরিবারের একজন প্রাপ্তবয়স্ক সদস্য, বা পরিবারের একজন অনুমোদিত প্রতিনিধিকে অবশ্যই একটি উপযুক্ততা নির্ধারণের ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হবে। বেকার বা আংশিক বেকার হলে, পরিবারের নির্দিষ্ট কিছু সদস্যকে চাকরি খুঁজতে হবে বা একটি চাকরি খুঁজতে সহায়তাকারী কার্যকলাপে তাদের অংশগ্রহণ করতে হবে।

আবেদনকারীগণ তাদের SNAP আবেদন দ্রুত প্রক্রিয়াকরণের জন্য উপযুক্ত কিনা তা নির্ধারণ করতে সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টদের অবশ্যই আবেদনকারীদের পরীক্ষা করতে হবে। দ্রুত প্রক্রিয়াকরণের উপযুক্ত পরিবারগুলো আবেদন করার পাঁচ দিনের মধ্যে অবশ্যই সুবিধাগুলি পাবেন। দ্রুত প্রক্রিয়াকরণের জন্য যোগ্যতা লাভ না করা আবেদনকারীগণকে অবশ্যই 30 দিনের মধ্যে অনুমোদিত বা খারিজ করতে হবে।

আয়ের নির্দেশিকাগুলি কী?

পরিবারের প্রত্যেকে সম্পূরক নিরাপত্তা আয় (Supplemental Security Income, SSI) বা সাময়িক সহায়তা (Temporary Assistance) না পেয়ে থাকলে পরিবারবর্গকে অবশ্যই আয়ের শর্তগুলি পূরণ করতে হবে। কোনো একটি পরিবারের সদস্য সংখ্যার উপর নির্ভর করে, সেই পরিবারের আয়, নিচের চার্টে উল্লিখিত আয়ের পরিমাণের কম বা সমান হলে, সেই পরিবার SNAP এর উপযুক্ত হতে পারে। এটি নির্ধারণ করতে, পরিবারটির মোট আয় (কর এবং অন্যান্য ছাড় বাদ দেওয়ার আগে মোট আয়) এবং তার নেট আয় (মোট আয়, বিয়োগ অনুমোদিত ছাড়) বিবেচনা করা হতে পারে।

উপযুক্ত বিবেচিত হতে:

- 60 বছর বা তার বেশি বয়সী এবং/অথবা নির্দিষ্ট প্রতিবন্ধকতা সংক্রান্ত সুবিধা পান এমন সদস্য থাকা পরিবারগুলির জন্য মোট আয়সীমার শর্ত প্রযোজ্য নয়। এই পরিবারগুলিআদতে সুবিধা পায় কিনা তা দেখতে পরিবারের মোট আয় প্রাসঙ্গিক সমস্ত অব্যাহতি এবং ছাড় প্রয়োগ করে, নেট আয় ব্যবহার করে যোগ্যতা নির্ধারণ করা হয়।
- যেসব পরিবারের একজন নির্ভরশীল সদস্যের পরিচর্যার জন্য (যেমন শিশু পরিচর্যা) নিজেদের অর্জিত আয় থেকে খরচ করতে হয় সেসব পরিবারের মোট আয় ফেডারেল দারিদ্র্য সীমার 200 শতাংশের বেশি হতে পারবে না।
- উপার্জিত আয় আছে, কিন্তু 60 বছর বা তার বেশি বয়সী বা প্রতিবন্ধী সদস্য না থাকা, এবং নির্ভরশীল ব্যক্তির পরিচর্যার খরচ নিজের পকেট থেকে করতে হয় না এমন সদস্য না থাকা পরিবারগুলির মোট আয় কখনোই ফেডারেল দারিদ্র্য সীমার 150 শতাংশের বেশি হতে পারবে না।

- উপার্জিত আয় নেই, 60 বছর বা তার বেশি বয়সী বা প্রতিবন্ধী সদস্য না থাকা, এবং নির্ভরশীল ব্যক্তির পরিচর্যার খরচ নিজের পকেট থেকে করতে হয় না এমন সদস্য না থাকা পরিবারগুলির মোট আয় কখনোই ফেডারেল দারিদ্র্য সীমার 130 শতাংশের বেশি হতে পারবে না।

নিচের টেবিলটি, পরিবারের মোট আয়ের উপর নির্ভর করে, বিভিন্ন আকারের পরিবারের প্রাপ্য সর্বাধিক SNAP সুবিধার পরিমাণ দেখায়। (এই টেবিলটি ধরে নিচ্ছে যে পরিবারটি যোগ্যতার অন্যান্য শর্ত পূরণ করেছে।)

ফেডারেল SNAP মানদণ্ড, 1 অক্টোবর, 2018 থেকে 30 সেপ্টেম্বর 2019 পর্যন্ত কার্যকর				
	ফেডারেল দারিদ্র্য সীমা মাসিক আয়ের মানদণ্ড			
খানা/ পরিবারের আকার	মোট আয়সীমার 130%	মোট আয়সীমার 150%	মোট আয়সীমার 200%	সর্বাধিক মাসিক SNAP সুবিধা
1	$1,316	$1,518	$2,023	$192
2	$1,784	$2,058	$2,743	$353
3	$2,252	$2,598	$3,463	$505
4	$2,720	$3,138	$4,183	$642

উদাহরণ: দুটি সন্তান থাকা একজন একক অভিভাবক সপ্তাহে 37.5 ঘণ্টা কাজ করেন, প্রতি ঘণ্টায় আয় করেন 12 ডলার। পরিবারের কেউ সম্পূরক নিরাপত্তা আয় (SSI) বা সাময়িক সহায়তা পান না। অভিভাবকটি দুটি নির্ভরশীল সন্তানের পরিচর্যার জন্য নিজের পকেট থেকে খরচ করেন।

সপ্তাহে, ব্যক্তিটি উপার্জন করেন 12 ডলার x 37.5 ঘণ্টা = 450 ডলার মোট আয়। মাসে, ব্যক্তিটি উপার্জন করেন 450 ডলার x 4.333333 (একটি মাসে গড় সপ্তাহ) = 1,950 ডলার মোট আয়।

ব্যক্তিটির মাসিক মোট আয় 3,463 ডলারের (ফেডারেল দারিদ্র্য সীমার 200 শতাংশ) অনেক কম, এবং একটি তিন-সদস্যযুক্ত পরিবারের আয়ের সীমার 150 শতাংশ এবং 130 শতাংশ উভয়ের থেকেও কম, এবং নির্ভরশীল সদস্যের পরিচর্যার খরচ বাদ না দিলেও আয়ের দিক দিয়ে যোগ্য। পরিবারটি অন্যান্য যোগ্যতার শর্তগুলো পূরণ করলে প্রতি মাসে, 505 ডলার পর্যন্ত SNAP সুবিধার প্রাপ্তির উপযুক্ত হতে পারবে।

উদাহরণ: একজন প্রাপ্ত বয়স্ক যিনি একা থাকেন, সপ্তাহে 25 ঘণ্টা কাজ করেন, প্রতি ঘণ্টায় আয় করেন 12 ডলার।

সপ্তাহে, ব্যক্তিটি আয় করেন 12 ডলার x 25 ঘণ্টা = 300 ডলার মোট আয়। মাসে, ব্যক্তিটি উপার্জন করেন 300 ডলার x 4.333333 (একটি মাসে গড় সপ্তাহ) = 1,300 ডলার মোট আয়।

যেহেতু ব্যক্তিটির উপার্জিত আয় আছে, তিনি ফেডারেল দারিদ্র্য সীমার 130 শতাংশের পরিবর্তে 150 শতাংশ পর্যন্ত আয়ের উপযুক্ত হবেন, এবং প্রতি মাসে SNAP সুবিধায় 192 ডলার পর্যন্ত পাওয়ার যোগ্য হতে পারেন, যদি তিনি উপযুক্ততার অন্যান্য সকল শর্তগুলো পূরণ করেন।

কিভাবে আবেদন করবেন?

SNAP এর জন্য যে কেউ তাদের উপযুক্ততা mybenefits.ny.gov-এ যাচাই করতে পারেন বা এখানে আবেদন করতে পারবেন।

SNAP সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন:

নিউইয়র্ক স্টেট SNAP: otda.ny.gov/programs/snap
USDA SNAP: fns.usda.gov/snap

এই তথ্য পত্র কর্মসূচির সাধারণ তথ্য প্রদানের উদ্দেশ্যে এবং যোগ্যতা নির্ধারণ বা কোনো ব্যক্তি বা পরিবারের জন্য কর্মসূচির আবশ্যিকতা সংজ্ঞায়িত করার উদ্দেশ্যে নয়।